

# শিল্পীর তুলিতে জীবন দর্শন



২০০৮ ইলেকশন (ওবামা ও হাসিনা)



গঙ্গা-৬ (গঙ্গা ও পদ্মা)



মনিকা জাহান বোস

ধানমন্ডির আলিয়াঁস ফ্রঁসেজ দ্য ঢাকার লা গ্যালারিতে গত ২৩ জুন সন্ধ্যা সাড়ে ৬টায় আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় মনিকা জাহান বোসের তৃতীয় একক চিত্রকর্ম প্রদর্শনী। এর নাম দেয়া হয়েছে, 'ড্রাউনিং : ইজ দেয়ার টাইম ফর লাভ'। প্রদর্শনী ঘুরে লিখেছেন এম কে আজিজ

প্রদর্শনীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রধান অতিথি এবং কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পরই প্রদর্শনীটি সকলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। ৫ আগস্ট পর্যন্ত পক্ষকালব্যাপী প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ১২টা এবং বেলা ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত (শনিবার ছাড়া) প্রদর্শনীটি সকলের জন্য উন্মুক্ত। প্রদর্শনীতে শিল্পীর মোট ২৬টি চিত্রকর্ম স্থান পেয়েছে। ক্যানভাসের ওপর অ্যাক্রেলিক মাধ্যমে শিল্পী নিপুণতার সাথে ফুটিয়ে তুলেছেন তার প্রায় প্রতিটি চিত্রকর্ম। কোনো চিত্রকর্মে আবার কাগজ কিংবা নিউজ পেপার কাটিং সংযুক্ত করে এক নতুন আবহ তৈরি করেছেন তিনি, যার মাঝে খুঁজে পাওয়া যাবে শিল্পীর স্বকীয়তা আর তাতেই ফুটে উঠেছে তার শিল্পকর্মের বিশেষত্ব। তার শিল্পকর্ম মূলত বক্তব্যপ্রধান। একটি ছবি যেন অনেক কথা বলে। যেমন— একটি ছবির নাম '২০০৮ নির্বাচন' (ওবামা এবং হাসিনা)। এই বিজয়ের মাঝে শিল্পী যেনো খুঁজে পেয়েছেন দিন বদলের ইঙ্গিত।

মনিকা জাহান বোস বাংলাদেশেরই মেয়ে। বাঙালি বাবা-মায়ের ঔরসে হলেও জন্মেছেন লন্ডনে। বর্তমানে তিনি ফ্রান্সের রাজধানী প্যারিসে স্থায়ীভাবে বসবাস করছেন। তার পরিবারে দুটি ধর্মের ধারা বহমান। বাবা হিন্দু ধর্ম আর মা মুসলিম ধর্মের অনুসারী, যাদের একজন বাংলাদেশি এবং অন্যজন ভারতের পশ্চিমবঙ্গের মানুষ। ধর্মচিন্তা কিংবা ভৌগোলিক সীমারেখা যে দু'জনের মাঝে বাধার দেয়াল হয়ে দাঁড়াতে পারেনি। মনিকা জাহান বোসের ছবিগুলোয় সেই বিষয়টিরও প্রতিফলন আমরা দেখতে পাই। তার তেমনি একটি ছবির নাম— ওয়াটার

(গঙ্গা ও পদ্মা)। ভৌগোলিক সীমারেখা এঁকে দেখিয়েছেন। ছবির চারপাশে লেখা 'জল পানি'। তুলির আঁচড়ে শিল্পী যেন বলতে চাইছেন এক দেশের জল অন্য দেশে পানি কিংবা এক দেশে গঙ্গার অন্য দেশে পদ্মা। তার বাবা-মা দু'জনই রাজনীতির সাথে যুক্ত ছিলেন। তারা স্বাধীনতা যুদ্ধেও অংশ নিয়েছিলেন। স্বাধীনতা-উত্তর বাংলাদেশে অনুষ্ঠিত প্রথম শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতায় 'নারী অধিকার

রক্ষার র্যালি' ছবি এঁকে প্রথম স্থান অধিকার করেন মনিকা। অন্য একটি শিল্পকর্মের নাম দেয়া হয়েছে মাদার 'টাং-১৬'। বাবাকে নিয়ে মনিকা একেছেন শহীদ মিনারের সেই স্মৃতিজড়িত ছবিটি। শিল্পীর প্রায় প্রতিটি ছবিতে দেখা যাবে হাতাকাটা ব্লাউজের দৃশ্য। ছবিতে এ বিষয়টির মাধ্যমে বী বোঝাতে চেয়েছেন— এমন প্রশ্নের জবাবে মনিকা বলেন, 'নারীর স্বাধীন স্বত্বাটিকে বোঝাতে আমার ছবিতে আমি নানা বর্ণের ব্লাউজকে দেখিয়েছি।'

পাশাপাশি শিল্পী তার মায়ের প্রতিকৃতিও এঁকেছেন একটি ছবিতে। ছবিটির নাম দিয়েছেন 'আগুন মুখার মেয়ে'। এই নামটির সাথে হয়তো অনেকেই পরিচিত। হ্যাঁ, মনিকার আরেকটি বড় পরিচয় তিনি আগুন মুখার মেয়ে গ্রন্থের রচয়িতা নুরজাহান বোসের মেয়ে। গুণী মা-বাবার সন্তান গুণী হবেন— এটিই তো স্বাভাবিক। তাই তার গুণীপনায় মুগ্ধ হয়ে আমরাও তাকে সাধুবাদ জানাই। ■

